রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ মে ২০১৫ খ্রিস্টাব্দ/ ০৭ জ্যৈষ্ঠ ১৪২২ বঙ্গাব্দ

**এস. আর. ও. নং ১০২-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১৩৩ অনুচ্ছেদ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

**১। সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;

(২) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(৩) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা ;

(৪) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ;

(৫) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা ;

(৬) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসেবে নিযুক্ত কোন ব্যক্তি ; এবং

(৭) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা ''স্বীকৃত বোর্ড'' বা ''ইনস্টিটিউট'' বা ''প্রতিষ্ঠান'' অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।



**মূল্য ঃ** টাকা ২৪.০০

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নলিখিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তর এর মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য সংস্থার মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ; এবং

(খ) সরকারী চাকুরী বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত বা বিধিবদ্ধ সংস্থার চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১)** এতদ্‌দুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি।—(১)** কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ চাকুরীতে প্রথম যোগদানের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য,

নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্ম দক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(গ) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবে, এবং

(ঘ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

**৭। বিশেষ বিধান।**—তফসিলে বর্ণিত ক্রমিক নং ৩৩ এ প্রশিক্ষণ সহকারী, ৫২ তে অফিস সহকারী এবং ৫৩ তে হিসাব করণিক পদসমূহে কর্মরত ব্যক্তিগণ যতদিন উক্ত পদে কর্মরত থাকিবেন ততদিন পর্যন্ত উক্ত পদসমূহ বহাল থাকিবে তাহাদের পদ অবসর, পদোন্নতি, মৃত্যুজনিত অথবা অন্য কোন কারণে শূন্য হইলে উক্ত পদসমূহ শূন্য হইবার তারিখ হইতে এমনভাবে বিলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে যেন উক্ত পদসমূহ কখনই এই তফসিলে অন্তর্ভুক্ত কোন পদ ছিল না।

**৮। রহিতকরণ ও হেফাজত।**—The Gazetted officers (National Institute of Population Research and Training) Recruitment Rules, 1980 অত:পর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও—

(ক) রহিত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ যে শর্তে চাকুরীতে নিয়োজিত আছেন সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক তাহাদের চাকুরির শর্ত সংশোধিত, পরিবর্তিত বা অন্য কোন পদবীতে স্থানান্তরিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে ইনস্টিটিউটের চাকুরীতে নিয়োজিত থাকিবেন যেন উক্ত বিধিমালা আদৌ রহিত হয়নি ; এবং

(খ) রহিত বিধিমালার অধীন ইতোমধ্যে যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে, তাহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যদি থাকে, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**<u>তফসিল</u>**

<u>[বিধি ২ (২) দ্রষ্টব্য]</u>

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | মহাপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>** পরিচালক (প্রশাসন) বা পরিচালক (গবেষণা) বা পরিচালক (প্রশিক্ষণ) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী **<u>প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ</u>** যুগ্ম-সচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | পরিচালক (প্রশাসন) | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>** উপ-পরিচালক (প্রশাসন) পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী। **<u>প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ</u>** উপ-সচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩। | পরিচালক (প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>** উপ-পরিচালক (প্রশিক্ষণ) বা উর্ধ্বতন প্রশিক্ষক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী। **<u>প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ</u>** উপ-সচিব বা সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪। | পরিচালক (গবেষণা) | - | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>**<br>উর্ধ্বতন গবেষণা সহযোগী বা মূল্যায়ন বিশেষজ্ঞ পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী।<br>**<u>প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ</u>**<br>উপ-সচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৫। | কারিকুলাম বিশেষজ্ঞ | অনূর্ধ্ব ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>তবে সরাসরি নিয়োগ যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বা সমাজ কল্যাণ বা নৃ-বিজ্ঞান বা রাষ্ট্রবিজ্ঞান বা অর্থনীতি বা লোক প্রশাসন বা পরিসংখ্যান বা পপুলেশন সাইন্স বা গণিত বা ডেমোগ্রাফি বা ব্যবস্থাপনা বা পুষ্টিবিজ্ঞান বা স্বাস্থ্য অর্থনীতি বা জনস্বাস্থ্য বা গার্হস্থ্য অর্থনীতি বা উইমেন এন্ড জেন্ডার ষ্টাডিজ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ- তে (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী;<br>(খ) কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে কারিকুলাম প্রণয়নে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে অন্যূন ১০ (দশ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) যে কোন বিষয়ে পি.এইচ.ডি. ডিগ্রীধারী অগ্রাধিকার পাইবেন।<br>**<u>প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ</u>**<br>উপ-সচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৬। | উপ-পরিচালক (প্রশাসন) | - | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে ঃ</u>**<br>তত্ত্বাবধায়ক (প্রশাসন) বা হিসাবরক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী;<br>**<u>প্রেষণে নিয়োগের মাধ্যমেঃ</u>**<br>সিনিয়র সহকারী সচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭। | উপ-পরিচালক (প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী পরিচালক(প্রশিক্ষণ) বা সহকারী পরিচালক (ক্লিনিক্যাল প্রশিক্ষণ) বা অধ্যক্ষ বা অডিওভিজ্যুয়াল বিশেষজ্ঞ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী অথবা প্রশিক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ৮। | উর্ধ্বতন প্রশিক্ষক | অনূর্ধ্ব ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) বা সহকারী পরিচালক (ক্লিনিক্যাল প্রশিক্ষণ) বা অধ্যক্ষ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী অথবা প্রশিক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বা সমাজ কল্যাণ বা নৃ-বিজ্ঞান বা রাষ্ট্রবিজ্ঞান বা অর্থনীতি বা লোক প্রশাসন বা পরিসংখ্যান বা পপুলেশন সাইন্স বা গণিত বা ডেমোগ্রাফি বা ব্যবস্থাপনা বা পুষ্টিবিজ্ঞান বা স্বাস্থ্য অর্থনীতি বা জনস্বাস্থ্য বা গার্হস্থ্য অর্থনীতি বা উইমেন এন্ড জেন্ডার ষ্টাডিজ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ- তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ- তে স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br>(খ) কোন সরকারি বা আধা-সরকারি বা বেসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনসংখ্যা প্রশিক্ষণ পদ্ধতি বা জনসংখ্যা কর্মসূচি ব্যবস্থাপনা ও নির্দেশনা বা এতদ্‌সংক্রান্ত প্রশিক্ষণ ও প্রশাসন পরিচালনার ক্ষেত্রে প্রথম শ্রেণীর পদে অন্যূন ১০ (দশ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৯। | উর্ধ্বতন গবেষণা সহযোগী | - | পদোন্নতির মাধ্যমে | গবেষণা সহযোগী বা পরিসংখ্যানবিদ পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০। | মূল্যায়ন বিশেষজ্ঞ | - | পদোন্নতির মাধ্যমে | গবেষণা সহযোগী বা পরিসংখ্যানবিদ পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ১১। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে | প্রশিক্ষক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ১২। | সহকারী পরিচালক (ক্লিনিক্যাল প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে | এম.বি.বি.এস. ডিগ্রীধারী প্রশিক্ষক বা প্রভাষক (মেডিকেল) বা প্রভাষক (প্রাঃস্বাঃপঃ) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ১৩। | অধ্যক্ষ | অনূর্ধ্ব ৩৮ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>প্রভাষক (সমাজ বিজ্ঞান) বা প্রভাষক (মেডিকেল) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বা সমাজ কল্যাণ বা নৃ-বিজ্ঞান বা রাষ্ট্রবিজ্ঞান বা অর্থনীতি বা লোক প্রশাসন বা পরিসংখ্যান বা পপুলেশন সাইন্স বা গণিত বা ডেমোগ্রাফি বা ব্যবস্থাপনা বা পুষ্টিবিজ্ঞান বা স্বাস্থ্য অর্থনীতি বা জনস্বাস্থ্য বা গার্হস্থ্য অর্থনীতি বা উইমেন এন্ড জেন্ডার ষ্টাডিজ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম.বি.বি.এস. ডিগ্রীসহ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(খ) কোন সরকারি বা আধা-সরকারি বা বেসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনসংখ্যা প্রশিক্ষণ পদ্ধতি বা জনসংখ্যা কর্মসূচি ব্যবস্থাপনা ও নির্দেশনা বা এতদ্‌সংক্রান্ত প্রশিক্ষণ ও প্রশাসন পরিচালনার ক্ষেত্রে অন্যূন ৬ (ছয়) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪। | অডিওভিজ্যুয়াল বিশেষজ্ঞ | অনূর্ধ্ব ৩৮ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞান বা পরিসংখ্যান বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ- তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা অন্যূন প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী;<br>অথবা<br>ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কোন সরকারি, আধা-সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে অডিওভিজ্যুয়াল ইকুইপমেন্ট পরিচালনার ক্ষেত্রে অন্যূন ৮ (আট) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১৫। | প্রশিক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হোমইকোনমিষ্ট বা প্রভাষক (প্রাঃ স্বাঃ পঃ) পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বা লোক প্রশাসন বা রাষ্ট্র বিজ্ঞান বা ব্যবস্থাপনা বা সমাজকল্যাণ বা গণিত বা পুষ্টি বিজ্ঞান বা নৃ-তত্ত্ব বা জনসংখ্যা বিজ্ঞান বা উইমেন এন্ড জেন্ডার ষ্টাডিজ বা স্বাস্থ্য অর্থনীতি বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ- তে স্নাতকোত্তর ডিগ্রী; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম.বি.বি.এস. ডিগ্রীসহ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(খ) জনসংখ্যা প্রশিক্ষণ পদ্ধতি এবং জনসংখ্যা কর্মসূচী ব্যবস্থাপনা ও নির্দেশনার ক্ষেত্রে ৪ (চার) বৎসরের কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৬। | গবেষণা সহযোগী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বা সমাজ কল্যাণ বা মনোবিজ্ঞান বা নৃ-বিজ্ঞান বা রাষ্ট্রবিজ্ঞান বা অর্থনীতি বা লোক প্রশাসন বা পরিসংখ্যান বা জনসংখ্যা বিজ্ঞান বা গণিত বা ডেমোগ্রাফি বা পুষ্টিবিজ্ঞান বা স্বাস্থ্য অর্থনীতি বা জনস্বাস্থ্য বা গার্হস্থ্য অর্থনীতি বা উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ- তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ- তে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৭। | প্রশিক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বা সমাজ কল্যাণ বা নৃ-বিজ্ঞান বা অর্থনীতি বা লোক প্রশাসন বা পরিসংখ্যান বা জনসংখ্যা বিজ্ঞান বা রাষ্ট্রবিজ্ঞান বা পুষ্টি বিজ্ঞান বা স্বাস্থ্য অর্থনীতি বা উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বা গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা অন্যূন প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম.বি.বি.এস. ডিগ্রীসহ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৮। | প্রভাষক (মেডিক্যাল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম.বি.বি.এস. ডিগ্রীসহ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। |
| ১৯। | প্রভাষক (সমাজ বিজ্ঞান) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিজ্ঞান বা সমাজ কল্যাণ বা নৃ-বিজ্ঞান বা অর্থনীতি বা লোক প্রশাসন বা পরিসংখ্যান বা জনসংখ্যা বিজ্ঞান বা রাষ্ট্রবিজ্ঞান বা পুষ্টি বিজ্ঞান বা স্বাস্থ্য অর্থনীতি বা উইমেন এন্ড জেন্ডার ষ্টাডিজ বা গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২০। | প্রভাষক (প্রা:স্বা:প:) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম.বি.বি.এস. ডিগ্রীসহ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। |
| ২১। | প্রভাষক (নার্সিং এন্ড মিডওয়াইফারী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ফিল্ড ট্রেনার বা এ্যাসিসটেন্ট ট্রেনার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত নার্সিং ইনস্টিটিউট হইতে নার্সিং বিষয়ে স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২২। | তত্ত্বাবধায়ক (প্রশাসন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বা লোক প্রশাসন বা বাণিজ্য বা রাষ্ট্রবিজ্ঞান বা গণিত বা অর্থনীতি বা পরিসংখ্যান বা জনসংখ্যা বিজ্ঞান বা গার্হস্থ্য অর্থনীতি বা স্বাস্থ্য অর্থনীতি বা উইমেন এন্ড জেন্ডার বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২৩। | পরিসংখ্যানবিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা গণিত বা জনসংখ্যা বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২৪। | হোমইকোনমিষ্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গার্হস্থ্য অর্থনীতি বা স্বাস্থ্য অর্থনীতি বা সমাজবিজ্ঞান বা সমাজকল্যাণ বা গণিত বা পরিসংখ্যান বা লোক প্রশাসন বা জনসংখ্যা বিজ্ঞান বা অর্থনীতি বা পুষ্টি বিজ্ঞান বা উইমেন এন্ড জেন্ডার ষ্টাডিজ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২৫। | হিসাব রক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বা ব্যবসা প্রশাসন বা মার্কেটিং বা ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৬। | গ্রন্থাগারিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ডকুমেন্টেশন অফিসার পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ২৭। | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা ব্যক্তিগত সহকারী বা প্রশিক্ষণ সহকারী বা কেয়ারটেকার বা হিসাব রক্ষক পদে অন্যূন ৬ (ছয়) বৎসর অথবা ষ্টোর কিপার বা উচ্চমান সহকারী বা প্রধান সহকারী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ অনুযায়ী। |
| ২৮। | ডকুমেন্টেশন অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) লাইব্রেরী সহকারী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী সাইন্স বিষয়ে ডিপ্লোমা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | <u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ২৯। | ফিল্ডট্রেনার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রেঃ**</u><br>নার্স-মিডওয়াইফ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**</u><br>(ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে নার্সিং বিষয়ে ডিপ্লোমা অথবা FWV(Family Welfare Visitor) প্রশিক্ষণ/ডিপ্লোমা;<br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(গ) কোন সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্বশাসিত সংস্থায় নার্সিং এর কাজে ৪(চার) বৎসরের অথবা পরিবার কল্যাণ পরিদর্শন কাজে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে; অথবা<br>(ঘ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নার্সিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ৩০। | এ্যাসিসটেন্ট ট্রেনার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>**পদোন্নতির ক্ষেত্রেঃ**</u><br>নার্স-মিডওয়াইফ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**</u><br>(ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে নার্সিং বিষয়ে ডিপ্লোমা অথবা FWV(Family Welfare Visitor) প্রশিক্ষণ/ডিপ্লোমা; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(গ) কোন সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় নার্সিং এর কাজে ৪(চার) বৎসরের অথবা পরিবার কল্যাণ পরিদর্শন কাজে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে; |
| ৩১। | নার্স-মিডওয়াইফ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত নার্সিং ইনস্টিটিউট হইতে নার্সিং বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। |
| ৩২। | আর্টিষ্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে চারুকলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ৩৩। | প্রশিক্ষণ সহকারী | **বিধি ৭ দ্রষ্টব্য** | | |
| ৩৪। | কেয়ারটেকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) স্টোরকিপার বা উচ্চমান সহকারী বা প্রধান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে;এবং<br>(গ) তত্ত্বাবধান ও রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৫। | ব্যক্তিগত সহকারী | - | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা ডাটা এনালিষ্ট/কম্পিউটার অপারেটর বা গোপনীয় সহকারী বা উচ্চমান সহকারী বা প্রধান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী;<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে—<br>(অ) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(আ) ইংরেজী: প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>The Stenographers and steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 এর সাঁট-মুদ্রাক্ষরিক পদের নিয়োগ যোগ্যতা অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি ''সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০'' অনুযায়ী। |
| ৩৬। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers and steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 এর সাঁট-মুদ্রাক্ষরিক পদের নিয়োগ যোগ্যতা অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি ''সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০'' অনুযায়ী । | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৭। | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ক্যাশিয়ার (গ্রেড-১) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা ক্যাশিয়ার (গ্রেড-২) পদে ৭ (সাত) বৎসরের চাকুরী এবং হিসাব করনিক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) হিসাব রক্ষণ কর্মে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকিতে হইবে। |
| ৩৮। | ডাটা এনালিষ্ট/কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরী;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে-<br>(অ) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(আ) ইংরেজী: প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |
| ৩৯। | অডিওভিজুয়াল অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির মাধ্যমে:**<br>এভি অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনাসহ অডিওভিজুয়াল ইকুইপমেন্ট পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪০। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers and steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 এর সাঁট-মুদ্রাক্ষরিক পদের নিয়োগ যোগ্যতা অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে গতি ‘‘সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০’’ অনুযায়ী। | | |
| ৪১। | গোপনীয় সহকারী | The Stenographers and steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 এর সাঁট-মুদ্রাক্ষরিক পদের নিয়োগ যোগ্যতা অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি ‘‘সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০’’ অনুযায়ী । | | |
| ৪২। | প্রধান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ৪৩। | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৪। | ষ্টোরকিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ক্যাশিয়ার (গ্রেড-২) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী এবং অফিস সহকারী বা হিসাব করনিক বা অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক বা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনাসহ গুদাম বা ভান্ডার রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪৫। | হাউজকিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ৪৬। | (ক) ক্যাশিয়ার (গ্রেড-১)<br>(খ) ক্যাশিয়ার (গ্রেড-২) | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ক্যাশিয়ার (গ্রেড-১) পদের ক্ষেত্রে, ক্যাশিয়ার গ্রেড-২ পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরী অথবা হিসাব করণিক বা অফিস সহকারী বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী এবং ক্যাশিয়ার (গ্রেড-২) পদের ক্ষেত্রে, হিসাব করনিক বা অফিস সহকারী বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) ক্যাশিয়ার (গ্রেড-১) এর ক্ষেত্রে, কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং ক্যাশিয়ার (গ্রেড-২) এর ক্ষেত্রে, কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকিতে হইবে। |
| ৪৭। | এভি অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) অডিওভিজুয়াল ইকুইপমেন্ট পরিচালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা ; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকিতে হইবে। |
| ৪৮। | (ক) গাড়ী চালক (গ্রেড-১)<br>(খ) গাড়ী চালক (গ্রেড-২) | "The Gazetted and Non- Gazetted staff (Government Transport Directorate) Recruetment Rules, 1984" অনুযায়ী। | | |
| ৪৯। | কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী । | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫০। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২৫% পদ পদোন্নতির মাধ্যমে তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>এবং<br>৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসর অথবা অফিস সহায়ক বা ওয়ার্ডবয় বা পরিচ্ছন্নতা কর্মী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে-<br>(অ) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ;<br>(আ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে ‘‘সাঁটলিপিকার বা ষ্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা ষ্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০’’ অনুযায়ী শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদিতে সর্বনিম্নগতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>(ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; এবং<br>(খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫১। | লাইব্রেরী সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন ১ (এক) বৎসর মেয়াদী সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ। |
| ৫২। | অফিস সহকারী | **বিধি ৭ দ্রষ্টব্য** | | |
| ৫৩। | হিসাব করনিক | **বিধি ৭ দ্রষ্টব্য** | | |
| ৫৪। | ফটোকপি অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহায়ক বা ওয়ার্ডবয় বা পরিচ্ছন্নতা কর্মী বা আয়া পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) ফটোকপি বা প্লেইন পেপার কপিয়ার বা ডুপ্লিকেটিং মেশিন চালনায় দক্ষতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) গেষ্টেটনার বা প্লেইন পেপার কপিয়ার বা ডুপ্লিকেটিং মেশিন পরিচালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৫৫। | পরিচ্ছন্নতা কর্মী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৬। | ওয়ার্ড বয় | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) শারীরিকভাবে কর্মক্ষম হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৭। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৮। | আয়া | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) শারীরিকভাবে কর্মক্ষম হইতে হইবে। |
| ৫৯। | নিরাপত্তা প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) শারীরিকভাবে কর্মক্ষম হইতে হইবে। |
| ৬০। | বাবুর্চি / সহকারী বাবুর্চি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬১। | পরিচ্ছন্নতা কর্মী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) শারীরিকভাবে কর্মক্ষম হইতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd